# কমপিউটার জগতের খবর

## তাইওয়ানের **Mitac** ও **Inventec**-এর সাথে উৎপাদন চুক্তি

## পিসি ও নোটবুক বাজারে কম্প্যাকের আধিপত্য বাড়ানোর পরিকল্পনা

(আমেরিকা প্রতিনিধি)

আমেরিকার কম্প্যাক কমপিউটার কর্পো. তীব্র প্রতিদ্বন্দ্বীতামূলক পিসি ও নোটবুক বাজারে তার আধিপত্য বিস্তারের জন্য তাইওয়ানের মাইটাক ও ইনভেনটেক কোম্পানির সাথে চুক্তি স্বাক্ষর করেছে। চুক্তি অনুযায়ী কোম্পানি দুটি কম্প্যাকের পিসি ও নোটবুকের উন্নয়ন ও উৎপাদন করবে।

মাইটাকের সাথে চুক্তির ফলে কম্প্যাক স্বল্পমূল্যে পিসি উৎপাদন করতে পারবে এবং প্যাকার্ড বেল এবং এশিয়ায় তৈরি ক্লোন পিসির সাথে সরাসরি প্রতিদ্বন্দ্বীতায় নামতে পারবে। প্যাকার্ড বেল বর্তমানে স্বল্পমূল্যের বাসাবাড়ি (হোম) পিসির বাজারের সবচেয়ে বড় অংশ দখল করে আছে।

কম্প্যাক জানিয়েছে এ বছরের মাঝামাঝি সময়ের পর থেকে মাইটাকের তৈরি পিসি বাজারে আসছে। মাইটাকের আমেরিকাসহ বিশ্বজুড়ে পিসি তৈরির যে সমস্ত কারখানা রয়েছে সেখানে কম্প্যাকের জন্য পিসি তৈরি করা হবে। তবে কম্প্যাক তার নিজস্ব উৎপাদন কেন্দ্রসমূহে হোম পিসি তৈরি বন্ধ করবে না।

বিশ্বজুড়ে পিসি উৎপাদনে বর্তমানে কম্প্যাক শীর্ষ অবস্থানে থাকলেও বাসাবাড়ির জন্য ব্যবহৃত পিসিতে প্যাকার্ড বেল এগিয়ে রয়েছে। এ অবস্থা থেকে মুক্তি পেতে কম্প্যাককে অবশ্যই স্বল্পমূল্যের পেন্টিয়ামভিত্তিক পিসি বাজারে ছাড়তে হবে বলে বিশেষজ্ঞগণ মত প্রকাশ করেছেন। বর্তমানে বাজারে কম্প্যাকের বহুবিধ ফীচারসমৃদ্ধ তিন বছরের ওয়ারেন্টিযুক্ত পিসি রয়েছে। কিন্তু প্যাকার্ড বেল এক বছরের ওয়ারেন্টি দিয়ে ১০% থেকে ১৫% কমদামে একই ধরনের পিসি বিক্রি করছে। অনেকের মতে এ বছরের শেষের দিকে কম্প্যাক স্বল্পমূল্যের পেন্টিয়াম পিসি বাজারে ছাড়বে।

এদিকে ক্রেতার পছন্দ অনুযায়ী পিসি সরবরাহ করতে কম্প্যাক তার সমস্ত উৎপাদন কেন্দ্রে ব্যবস্থা গ্রহণ করেছে যাতে করে অর্ডার পাওয়ার তিন দিনের মধ্যে তা ডেলিভারী দেয়া যায়।

তাইওয়ানের এসার ইনক-এর পরই মাইটাকের অবস্থান। গত বছরের প্রথম কোয়ার্টারের তুলনায় তার বিক্রি ৫৯% বেড়ে বর্তমানে ৮.৭৪ কোটি ডলারে দাঁড়িয়েছে।

এদিকে কম্প্যাক নোটবুক বাজারে তার হারানো সুনাম এবং অবস্থান ফিরে পেতে তাইওয়ানের অন্যতম বিখ্যাত প্রতিষ্ঠান ইনভেনটেকগ্রুপের সাথে নতুন হাই এন্ড লাইনের নোটবুক তৈরিতে জোট বেধেঁছে।

নোটবুকের বাজারে ১৯৯৪ সালে কম্প্যাকের অবস্থান ছিল ৪র্থ স্থানে- আইবিএম, এনইসি এবং তোশিবার পরই। বিশেষজ্ঞরা বলছেন কম্প্যাকের নতুন মেশিন পেন্টিয়াম এবং সিডি-রম সমৃদ্ধ হবে তবে মূল্য হবে কম।

নোটবুক তৈরি করতে কম্প্যাক ইতিপূর্বে জাপানের সিটিজেন কোম্পানির সাথে জোট বেঁধেছিল। কিন্তু গত বছর এই চুক্তি বাতিল ঘোষণা করা হয়। তবে ইনভেনটেকের টেক্সাস ইন্স্ট্রুমেন্টস্ এবং এপল-এর মত প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে ডিজাইন ও উৎপাদন করার অভিজ্ঞতা রয়েছে।

সম্প্রতি কম্প্যাক তার এলটিই এলিট এবং কনুটরা নোটবুক এবং এইরো সাবনোটবুকের মূল্য ১১% থেকে ১৮% পর্যন্ত হ্রাস করেছে।

ডেল এবং আইবিএমও একই সময়ে মূল্য হ্রাসের ঘোষনা দিয়েছে। ✪

## হারানো অবস্থান ফিরে পাওয়ার প্রচেষ্টায় **AST** কোরিয়ার স্যামসাং-এর সাথে চুক্তি করেছে

(আমেরিকা প্রতিনিধি)

মাত্র দেড় বছর আগে পিসি প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সবচেয়ে সম্ভাবনাময় ছিল আমেরিকার এএসটি রিসার্চ ইনক.। আইবিএম, কম্প্যাক, ডেল এবং এপল এর মত প্রতিষ্ঠান তীব্র প্রতিযোগিতায় যখন নিজেদের অবস্থান দৃঢ় করতে হিমসিম খাচ্ছিল তখন এএসটি ট্যান্ডি কর্পোরেশনের কমপিউটার তৈরির কারখানা কিনে নিয়ে ৬ নম্বর অবস্থান থেকে ৪ নম্বর অবস্থানে পৌছার প্রত্যয় ঘোষণা করে সবাইকে চমক লাগিয়ে দেয়।

কিন্তু পরবর্তীতে এএসটি খুব ভালো করতে পারেনি। এএসটির চেয়োরম্যান এবং প্রধান নির্বাহী শফি ইউ. কোরেশী ভুল স্বীকার করে বলেছেন, "আমরা একইসাথে অনেক কিছু করার চেষ্টা করেছিলাম। আমরা নতুন নতুন পণ্য ঠিক সময়ে ক্রেতাদের হাতে পৌছাতে পারিনি।"



শফি কোরেশী

এখন এএসটির অবস্থান ডেল এবং গেটওয়ে ২০০০-এরও নিচে। এই অবস্থা কাটিয়ে ওঠার জন্য কোম্পানিটি তার ৬,৫০০ কর্মচারীর ১০% ছাটাই করছে এবং দুটি উৎপাদন কারখানা বন্ধ করে দিচ্ছে। আর আর্থিক অবস্থার উন্নতি এবং তীব্র প্রতিদ্বন্দ্বীতামূলক বাজারে হারানো অবস্থান ফিরে পেতে সম্প্রতি এএসটি কোরিয়ার বিখ্যাত স্যামসাং ইলেকট্রনিক্স কোম্পানির সাথে এক চুক্তি স্বাক্ষর করেছে। চুক্তি অনুযায়ী ৩৭.৪ কোটি ডলারে এএসটির ৪০% শেয়ার এবং ১৩ সদস্যের বোর্ডের ছয়টি পদ স্যামসাং লাভ করবে।

মনিটর এবং মেমরি চিপ তৈরিতে স্যামসাং-এর রয়েছে বিশ্বজোড়া খ্যাতি। কিন্তু আন্তর্জাতিক বাজারে তার পিসি বিক্রয় চ্যানেল খুবই দুর্বল। চুক্তি অনুযায়ী এএসটি প্রতি বছর ১০ লক্ষ মনিটর স্যামসাং-এর কাছ থেকে কিনবে। কোম্পানি দুটি একত্রে বাসা বাড়িতে ব্যবহারের পিসি, টিভি, ভিসিআরসহ "হোম নেটওয়ার্ক" পণ্য উৎপাদনের প্রচেষ্টা চালাবে।

বিশ্লেষকগণ বলছেন, শফি কোরেশীর এখন সবচেয়ে বড় সমস্যা হবে স্যামসাং-এর মত জায়েন্টের সঙ্গে থেকে নিজের অস্তিত্বকে টিকিয়ে রাখা। এএসটির এ এবং টি হরফের এলবার্ট সি. ওয়ং এবং টমাস উয়েন নামের দুইজন প্রতিষ্ঠাতা অনেক আগেই কোম্পানি ছেড়ে গেছেন। মাঝখানের 'এস' শফি কোরেশী তাঁর জন্য ধরে না রাখতে পারলে ভবিষ্যতে তা স্যামসাং দিয়ে প্রতিস্থাপিত হতে পারে। ✪

## এটিএন্ডটির সুপার সার্ভার

বাজারে আসছে ৪টি প্রসেসর সম্পন্ন এটিএন্ডটির নতুন সুপার সার্ভার এটিএন্ডটি গ্লোবালিষ্ট S-40। এতে থাকছে ১ থেকে ৪টি ১০০মে. বা. পেন্টিয়াম প্রসেসর, ৮টি স্লট (৪টি EISA, ২টি PCI এবং ২টি EISA/PCI) এবং ১১টি ড্রাইভ যে যার ৬টিই হবে হট-প্লাগ। মেমরি আপগ্রেড করা যাবে এতে ৭৬৮ মে. বা. ECC পর্যন্ত।

এই সুপার সার্ভারটি উইন্ডোজ এনটি সার্ভার, নোভেল নেটওয়্যার ৪.১, ইউনিক্স ওয়্যার ২.০. এসসিও এমপিএক্স সাপোর্ট করবে। এছাড় আইবিএম ওএস/২ এসএমপি, নোভল নেটওয়্যার এমপি এবং এটিএন্ডটি ইউনিক্স এসভিআর ৪ এমপি-আর এ এস কিছুদিনের মধ্যেই সার্টিফায়েড হবে।

এ ব্যাপারে বিস্তারিত জানতে :-

ফোন ঃ ৮৬০৫৩৯, ৪৬৯৭৫৯, ২৫২৫৬৫, ২৩২১৪৫; ফ্যাক্স : ৮৬৩০৮৪। ✪

## ছয় হাজারেরও বেশি ভাইরাসকে ধ্বংস করতে পারে **Magnificant 7**

এস এন্ড এস ইন্টারন্যাশনাল একটি শাক্তিশালী এন্টি ভাইরাস সফটওয়্যার বাজারে ছেড়েছে "The Magnificent 7" নামের এই প্যাকেজটির Dr. Solomon's Anti-Virus Toolkit 7.0 নামে বেশি পরিচিত।

এই সফটওয়্যারটি পলিমারফিক (যে ভাইরাস এন্টিভাইরাস প্রোগ্রামের সংস্পর্শে রূপ পরিবর্তন করতে পারে) ভাইরাসসহ আগের তুলনায় অনেক বেশি ভাইরাসকে চিহ্নিত এবং ধ্বংস করতে পারে।

বর্তমানে প্রতিমাসে ১৫০ থেকে ২০০ নতুন ভাইরাস বাজারে আসছে। টুলকিটের ভার্শন ৭.০ ছয় হাজারেরও বেশি রকমের ভাইরাসকে ধ্বংস করতে সক্ষম। ✪

## পৃথিবী বিখ্যাত মাল্টিমিডিয়া এখন ঢাকায়

ঢাকার বনানীস্থ পিসি জোন-এ পৃথিবীর বিখ্যাত CREATIVE LAB-এর বেশ কিছু মাল্টিমিডিয়া সুলভে বিক্রির জন্য মজুদ রয়েছে।

পিসি জোনের এমডি পারভেজ আহমেদ শামীম কমপিউটার জগৎ-কে জানান যে, প্রায় তিন হাজার মাল্টিমিডিয়া তাদের স্টকে রয়েছে। এগুলো সবই অত্যাধুনিক এবং সদ্য প্রকাশিত।

বনানী বাজারে পিসি জোনে মাল্টিমিডিয়ার অভূতপূর্ব সমারোহে দেশী বিদেশী ক্রেতাগণ গভীর আগ্রহ নিয়ে মাল্টিমিডিয়া দেখছেন, কিনছেন। পিসি জোনের পরিচালক সাজ্জাদ খান মিলকী জানান যে, পৃথিবীর সর্বাধিক বিক্রিত Creative -এর সামগ্রীর চাহিদা রয়েছে এখানে এবং সেজন্যই পিসি জোন এই শো রুমে এতো অধিক সংখ্যক মাল্টিমিডিয়ার সমারোহ ঘটিয়েছে। তবে শো রুমে মাত্র ৩/৪ শ মাল্টিমিডিয়া প্রদর্শন করা যায়। ভবিষ্যতে এটি বড় করার পরিকল্পনা রয়েছে।

দাম তুলনামূলকভাবে কম হওয়ায় ক্রেতারা বেশ কিছু মাল্টিমিডিয়া এখান থেকে কিনছেন। এখানে রয়েছে সাউন্ড ব্লাস্টার, গেইম ব্লাস্টার, ডিসকভারি সেলিডি, অমনি সিডি। অমনি সিডির বৈশিষ্ট্য হল এটি আগের দ্বিগুণ গতির বদলে ৪ গুণ গতিসম্পন্ন। এছাড়াও বিখ্যাত ব্যক্তিদের জীবনী, বইপত্রসহ বিবিধ সিডি এখান থেকে কেনা যাচ্ছে। যোগাযোগ ঃ ফোন ৮৮১৯৬৭, ৮৬৪৭৭২, ফ্যাক্স ঃ ৮৬৩০৬০ ✪

## সান-এর ব্যাংকিং সেমিনার

সান কমপিউটার ইনক.-এর উদ্যোগে এশিয়ান রিজিওনে ব্যাংকিং ও ফিনান্সিয়াল সেমিনার অনুষ্ঠিত হয় গত ১৮ই এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত।

সেমিনার ১৮ এপ্রিল সিঙ্গাপুরে, ২০ এপ্রিল ম্যানিলায়, ২৪ এপ্রিল জাকার্তায়, ২৭ এপ্রিল মালয়েশিয়ায় এবং ৩ মে ব্যাংককে অনুষ্ঠিত হয়।

সেমিনারগুলোতে সান-এর ব্যাংকিং, ফিনান্স, নতুন নতুন পণ্য এবং ভবিষ্যতের জন্য সান-এর প্রস্তুতি নিয়ে বিশদ আলোচনা হয়।

এদিকে বাংলাদেশে সান এর পরিবেশকরা এ ধরনের সেমিনার বা পরিচিতিমূলক কোন অনুষ্ঠান না করায় বিস্ময়ের সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে আইবিসিএস-এর পরিচালক কবীর আহমেদ জানান যে, আগামীতে ব্যাপকভাবে এ ধরনের সেমিনারের উদ্যোগ নেয়া হয়েছে। এ নিয়ে বিস্তারিত আলাপ করার জন্য সান শ্রীলংকার স্থানীয় প্রতিনিধি মিঃ পিটার ডি আলমিডা ২৫ এপ্রিল বাংলাদেশে এসেছিলেন। জনাব কবীর আরো জানান যে, মিঃ পিটার আইবিসিএস এর গত এক বছরের কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং আগামীতে এদেশে সান এর ব্যবসা বাড়ানোর জন্য বিশদ পরিকল্পনা করেছেন। ✪

## বিক্রি হবে

একটি 120MB হার্ড ডিস্ক WINDOWS 3.1, DOS 6.2, WP 6.0, HG 3, FoxPRO এবং অন্যান্য প্রয়োজনীয় সফটওয়্যারসহ বিক্রি হবে। HDD টি Compuq 486 কমপিউটারের সাথে ৩ বৎসরের ওয়ারেন্টিসহ ১৯৯৪-এ কেনা হয়। মূল্য আলোচনা সাপেক্ষ। সমু, ১৩৬, শান্তিনগর, ফোন ঃ ৮৩৯৬৫২।

## ডঃ এইচ এস ফারুক সম্মানিত

সম্প্রতি যুক্তরাষ্ট্রের 'নিউইয়র্ক একাডেমী অফ সায়েন্স' ডঃ এইচ, এস, ফারুককে কমপিউটার এন্ড ইনফরমেশন সায়েন্স ও ইলেকট্রনিক্সে তাঁর আন্তর্জাতিক প্রকাশনা এবং গবেষণা কর্মের স্বীকৃতি স্বরূপ একাডেমীর সক্রিয় সদস্য পদ প্রদান করেছে। বিশ্বব্যাপী একাডেমীর ৪০,০০০ প্রতিষ্ঠিত বিজ্ঞানী সদস্যদের মাঝে একমাত্র বাংলাদেশী প্রফেসর ফারুক বর্তমানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমপিউটার সায়েন্স বিভাগের চেয়ারম্যান। কমপিউটার জগৎ-এর পক্ষ থেকে তাঁর জন্য রইল আন্তরিক অভিনন্দন। ✪

## চুনকুটিয়ায় প্রশিক্ষণ কেন্দ্র

কেরানীগঞ্জস্থ চুনকুটিয়ায় সম্প্রতি একটি কমপিউটার প্রশিক্ষণ কেন্দ্র খোলার ব্যবস্থা নেয়া হয়েছে। ইন্টারন্যাশনাল কমপিউটার ভিশন-এর এমডি এটিএম শফিউদ্দিন আহমেদ এই উদ্যোগ গ্রহণ করেন।

তিনি বলেন, তিনি এই প্রশিক্ষণ কেন্দ্রটি খোলা হচ্ছে যাতে করে স্থানীয় লোকজন কমপিউটারের উপর প্রাথমিক জ্ঞান অর্জন করতে পারে।

জনাব শফিক দেশের বিত্তবানদের নিজ নিজ এলাকায় কমপিউটার শিক্ষায় অবদান রাখার আহ্বান জানান। ✪

## সনির সিডি-রম ডিস্কম্যান

সনি তাদের জনপ্রিয় ডিস্কম্যান অডিও সিডি প্লেয়ারের উন্নততর সংস্করণ হিসেবে সিডি-রম ডিস্কম্যান বাজারে ছাড়ার ঘোষণা দিয়েছে। ৩৭৯ থেকে ৫৪৯ ডলারের বিভিন্ন মডেলের সিডি-রম ডিস্কম্যান-এ পিসিএমসি আইএ কার্ড সংযুক্ত রয়েছে যা ডাটা ট্রান্সফার করতে পারে। প্রত্যেকটি ফীচারের সাথে রয়েছে হেডফোন জ্যাক ও ১০টি প্লে ব্যাক মোড। ✪

## ম্যাকের ক্লোন

*সম্প্রতি কয়েকটি কোম্পানী ম্যাকের ক্লোন বাজারে ছাড়ছে। ছবিতে আমেরিকার পাওয়ার কমপিউটিং কর্পোরেশনের প্রধান নির্বাহীকে তাদের তৈরি ম্যাক ক্লোনসহ দেখা যাচ্ছে। তাঁর জামায় রয়েছে এপলের নতুন অপারেটিং সিস্টেমের লোগো। মে মাস থেকে কোম্পানীটি প্রতি মাসে ১০০০ ম্যাক ক্লোন তৈরি করবে। বাসা বাড়ীর জন্য ব্যবহারযোগ্য মডেলের একটি ক্লোন ম্যাকের দাম পড়বে ১০০০ ডলারেরও কম।*




## সেইফওয়র্ক্সের ফোন নম্বর

দেশের অন্যতম বৃহৎ সফটওয়্যার কোম্পানী দি সেইফওয়র্ক্সের নতুন ফোন নম্বর-৩১৩৬৩৫। এ ছাড়া আগের৮১০৭৮৫ ডিজিটাল নম্বরও থাকছে। তবে পুরনো এনালগ নম্বরটি আর নেই। ✪

## ডিইসি'র আলফা সার্ভার মেইন ফ্রেমের চেয়ে শক্তিশালী ?

আমেরিকার ডিজিটাল ইকুইপমেন্ট কর্পো. নতুন দুটি সার্ভার বাজারজাতের ঘোষণা দিয়েছে। মেইনফ্রেমের চেয়ে অনেক কম মূল্যের আলফা প্রসেসরভিত্তিক এই মেশিনসমূহ আইবিএম এবং কমপাটিবল মেইনফ্রেমের তুলনায় অনেক শক্তিশালী বলে কোম্পানিটি জানিয়েছে।

এদিকে ওরাকল কর্পো. জানিয়েছে নতুন প্রযুক্তির ডাটাবেজ তৈরি ঘোষণা দিয়েছে যা আলফা সিস্টেমের ৬৪ বিট আর্কিটেকচারকে পুরোপুরি কাজে লাগাতে পারবে। ✪

## 3M ও Scan-এর নতুন পরিবেশক আইসিভি

ইন্টারন্যাশনাল কমপিউটার ভিশন-এর এমডি এটি এম শফিউদ্দিন আহমেদ জানিয়েছেন যে, আইসিভি সম্প্রতি থ্রিএম-এর ডাটা স্টোরেজ সামগ্রীর পরিবেশক নিযুক্ত হয়েছে।

কমপিউটার জগৎ-এর সাথে আলোচনাকালে তিনি জানান, ইন্টারন্যাশনাল কমপিউটার ভিশন স্ক্যান সামগ্রীরও পরিবেশক নিযুক্ত হয়েছে।

এ ব্যাপারে বিস্তারিত জানতে যোগাযোগ করুনঃ- ফোন ঃ ২৪০৮৪৮, ২৩০৭৬০। ✪

## পেনট্যাক্স পকেট জেট প্রিন্টার

পেনট্যাক্স টেকনোলজী করপো. থেকে পেনট্যাক্স পকেটজেট থার্মাল প্রিন্টার বাজারে ছাড়া হয়েছে। এতে একটি নিকেল ক্যাডমিয়াম ব্যাটারী রয়েছে যা দিয়ে ৩০ থেকে ৩৫ পাতা প্রিন্ট করা সম্ভব এবং মাত্র ৭০ মিনিটে পুনরায় ব্যাটারীটি চার্জ করা যায়। এতে অতিরিক্ত কয়েকটি ফন্ট রয়েছে। মূল্য রাখা হয়েছে ৫০০ ডলার। ✪

## সিডি-রমে ইন্টারএকটিভ কুরআন

পবিত্র কুরআনের ডিসপ্লে ভার্শন ফ্লপি ডিস্কে পাওয়া যায়। কিন্তু সম্প্রতি আলালামিয়া সফটওয়্যার নামে একটি কোম্পানী সিডি-রমে পবিত্র কুরআন বাজারে ছেড়েছে। অন্যান্য পবিত্র ধর্ম গ্রন্থের সিডি-রম থেকে এর পার্থক্য হচ্ছে এটি ইন্টারএকটিভ। আলালামিয়ার সিডিতে কুরআনের বিশুদ্ধ উচ্চারণ ও শেখার ব্যবস্থা রয়েছে। ✪

## কম্প্যাকের নতুন **Deskpro** এবং **Prolinea**

আমেরিকার কম্প্যাক কমপিউটার কর্পো. সম্পূর্ণ রি-ডিজাইন করা নতুন ডেস্কপ্রো এবং প্রোলিনিয় পরিবারের পিসি বাজারে ছেড়েছে। কম্প্যাক "ইনটেলিজেন্ট ম্যানেজিয়েরিলিটি' নামে এক গুচ্ছ ম্যানেজমেন্ট টুল এবং ফীচার প্রবর্তন করেছে যার ফলে পিসি ব্যবহারের খরচ কমবে এবং ব্যবহারকারীর কার্যক্ষমতা আরো বাড়বে।

সবচেয়ে কম মূল্যের Prolinea 575-এর বিক্রয় মূল্য ধরা হয়েছে ১৯৯৯ ডলার। ৭৫ মেগাহার্টজের পেন্টিয়াম ভিত্তিক এই পিসিতে রয়েছে ৪টি এক্সপানশন স্লট এবং ৪টি ড্রাইভ বে, ৪২০ মেঃ বাঃ হার্ড ড্রাইভ, ৮ মেঃ বাঃ সিস্টেম মেমরি, ডস এবং মাইক্রোসফট উইন্ডোজ। ✪

## আইবিএম-এর পিসি-ডস ৭

আইবিএম কর্পো. তার ডস অপারেটিং সিস্টেমের নতুন ভার্শন পিসি-ডস ৭ বাজারে ছেড়েছে। এটিতে ফাইল কমপ্রেশন এবং পিসি কার্ড সাপোর্ট করার ফীচার রয়েছে। এতে মেমরি ব্যবহারে বেশ কয়েকটি সুবিধা সংযোজিত রয়েছে। ✪

## খেলার প্রোগ্রাম উদ্ভাবনে মাইক্রোসফটের নতুন প্রযুক্তি

কমপিউটার গেম উন্নয়নকারীদের মন জয় করতে এবার মাইক্রোসফট নতুন প্রযুক্তি নিয়ে আসছে।

ইউন্ডোজ ৯৫ পরিবেশে অত্যন্ত দ্রুততায় খেলা, এনিমেশন ত্রিমাত্রিক গ্রাফিক্স চিত্র ইত্যাদি রূপায়নের জন্য মাইক্রোসফট এর নতুন প্রযুক্তিতে থাকছে প্রয়োজনীয় হার্ডওয়্যার এবং কতক সফটওয়্যার টুলস্। থাকছে সফটওয়্যার কোড। প্রচলিত প্রযুক্তি প্রয়োগে যেখানে সেকেন্ডে মাত্র ৩০টি ফ্রেমের চিত্র এনিমেশনে প্রদর্শন করা যায় সেখানে মাইক্রোসফট এর ডিরেকট ড্র নামের প্রযুক্তির কোড সেট, স্পেসিফিকেশন ইত্যাদি প্রয়োগ এক সেকেন্ডে ৭০টি ফ্রেম এনিমেশন চিত্র প্রদর্শন করা যাবে। গেম প্রোগ্রামারগণ ডিরেক্ট সাউন্ড প্রযুক্তি প্রয়োগে বিভিন্ন কায়দায় শব্দ সংযোজন করতে পারবেন, এছাড়াও ভিন্ন ভিন্ন কমপিউটার ব্যবহারকারী খেলোয়াড়দের মধ্যে খেলা উদ্ভাবনে রয়েছে বিশেষ কোড সেটা সম্প্রতি অন্ততঃ সাতেরটি হার্ডওয়্যার সফটওয়্যার কোম্পানী উইন্ডোজ '৯৫ এর জন্য গেমও গেম সম্পর্কিত পণ্য উৎপাদনের পরিকল্পনার কথা ঘোষণা করছে। ✪

## হিউলেটপ্যাকার্ডের নেট সার্ভার

হিউলেট প্যাকার্ডের Net Server 486/LF পিসি ম্যাগাজিনের দৃষ্টি সেরা নেটসার্ভার বিবেচিত হয়েছে। বহু সার্ভার ব্যবস্থাপনা টুল সমৃদ্ধ সার্ভারটি প্রসেসরের সর্বোচ্চ ক্ষমতা, শতকরা ৯৬% এরও অধিক, ব্যবহার করতে সক্ষম।

486DX2/66 প্রসেসর, ৬৪ মে. বা. র‍্যাম, ৩২৫৬ কিলো ক্যাশে, সাতটি EISA এবং দুটি PCI স্লট বিশিষ্ট এটির ডাটা সংরক্ষণ ব্যবস্থাপনায় রয়েছে চারটি ৫৩৫ মে. বা. ও দুটি ১ গিগাবাইট হার্ডডিস্ক, দুটি এডাপটেক ডিস্ক কন্ট্রোলার। থাকছে তোশিবা সিডিরম ড্রাইভ। চারটি নোভেল Eagle NE3200/EISA নেটওয়ার্ক কার্ডসমৃদ্ধ এই সার্ভারটিতে ৬০টি পর্যন্ত ওয়ার্কস্টেশন যুক্ত করা সম্ভব। ৩৫০ ওয়াট বিদ্যুৎশক্তি খরচকারী এইটির মূল্য ১৯,০৪৩ মার্কিন ডলার। ✪

## **P-6** ভিত্তিক কমপিউটার আসছে

ইন্টেল পিসি প্রস্তুতকারকদের কাছে নমুনা হিসেবে কিছু পরিমাণ P-6 চিপ সরবরাহ করেছে। এ বছরের শেষের দিকে এই চিপ বাজারে পাওয়া যাবে। বর্তমানে প্রচলিত পেন্টিয়াম চিপের চেয়ে এটি দ্বিগুণ শক্তিশালী হবে বলে ধারনা করা হচ্ছে। বর্তমানে সারা বিশ্বের ৮০% পিসিতে ইন্টেলের চিপ ব্যবহৃত হচ্ছে।

তবে অল্প কিছু দিনের মধ্যে এপল কমপিউটার পাওয়ার পিসি '৬০৪' চিপ ব্যবহার শুরু করবে। এই চিপভিত্তিক ম্যাকিনটোশ কমপিউটার ও সার্ভারের ক্ষমতা আগেরগুলোর চেয়ে অনেক বেশি হবে এবং তা P-6-এর সাথে সরাসরি প্রতিযোগিতায় নামবে।

P-6 প্রথমে সার্ভারে ব্যবহৃত হয়ে বাজারে আসবে। তবে অল্প কয়েক মাসের মধ্যেই তা ডেস্কটপ পিসিতে ব্যবহৃত হবে। P-6-এ রয়েছে ৫৫ লক্ষ ট্রানজিস্টার। এটিই প্রথম মাইক্রোপ্রসেসর যার একটি মাত্র প্যাকেজে দুটি চিপ রয়েছে। এই চিপ প্রতি সেকেন্ডে ৩০ কোটি ইনস্ট্রাকশন-পালন করতে পারবে। ✪

## অপরাধীর ছবি আঁকতে সফটওয়্যার

কোন অপরাধীর মুখমন্ডল দেখতে কেমন তা বের করার জন্য উন্নত দেশগুলোতে অপরাধের ঘটনাস্থল থেকেপ্রত্যক্ষদর্শীদের পুলিশের কমপিউটার সেন্টারে নিয়ে তাদের সহায়তায় ছবি তৈরি করা হয়। এতে দীর্ঘ সময় ব্যয় হয় বলে অনেকে অপরাধীদের চেহারা ভুল করে ফেলেন।

এ অবস্থা এড়ানোর জন্য আমেরিকার আইডেনটিটি কিট কোম্পানী একটি সফটওয়্যার বাজারে ছেড়েছে। এটি সাধারণ পিসিতে ব্যবহার করা যায়। এই সফটওয়্যারটি ব্যবহার করে প্রত্যক্ষদর্শী নিজেই অপরাধীর মুখচ্ছবি তৈরি করতে পারবে। এতে ৬০০ বিভিন্ন রকমের মুখের আদল রয়েছে যা ইচ্ছেমত পরিবর্তন করা যায়। চশমা বা গোঁফ লাগানো, তিল বা কাটা দাগও সংযোজন করা যায়। স্মরণশক্তি তাজা থাকতে থাকতেই ছবিটি আঁকা হয় বলে এতে ভুল হওয়ার সম্ভাবনাও কম থাকে। ✪

## তবুও পেন্টিয়াম. . . .

না, পেন্টিয়ামের ত্রুটি শেষ অবধি পেন্টিয়াম কিংবা ইন্টেল কারো অগ্রযাত্রাকে রুখতে পারেনি। গত নভেম্বরে একজন গণিতজ্ঞ অধ্যাপক টমাস নাইসলি পেন্টিয়ামের সুক্ষ্ম ত্রুটি উদঘাটন করলে পেন্টিয়ামের বাজারে বিপর্যয়ের সংকেত বেজে উঠে। ইন্টেল তাৎক্ষণিকভাবে ত্রুটিপূর্ণ চিপ বিক্রি বন্ধ করে দেয় এবং ক্রেতা সাধারণকে বিনা প্রশ্নে বিনা বাক্যব্যয়ে পেন্টিয়াম বদলে নেয়ার সুযোগ দেয়। এতে করে বাজারজাতকৃত ৫৫লক্ষ চিপ বদলের ৪৭৫ মিলিয়ন ডলারের ক্ষতি মাথায় নিতে রাজী হয় কোম্পানীটি। এই চিপ বদলের কাজ ত্বরিৎ নির্ঝঞ্ঝাট করতে ইন্টেল তার সবগুলো বিক্রয় চ্যানেলকে নানানভাবে ঢেলে সাজিয়ে সম্ভব সব ধরনের পদক্ষেপ গ্রহণ করে। কিন্তু, বাস্তবতা হলো, এই ৫৫ লক্ষ চিপের দুই তৃতীয়াংশই ব্যক্তিগত পর্যায়ে ব্যবহৃত পিসিতে। আর এ যাবৎ এদের মাত্র ১% থেকে ৩% পেন্টিয়াম চিপ বদলানোর প্রয়োজনীয়তা অনুভব করেছে এবং বদলে নিয়েছে। ত্রুটিপূর্ণ চিপ সবচেয়ে বেশি যারা বদলেছে ২৫% এর মতো তারা হলো অবশিষ্ট এক তৃতীয়াংশ ব্যবহারকারী। এরা মূলতঃ বৃহৎ আর্থিক প্রতিষ্ঠান কিংবা করপোরেট সংস্থা। সামগ্রিক হিসাবে বলা যায়, ত্রুটিপূর্ণ চিপ ফেরত এসেছে সর্বসাকুল্যে ১০% এরও কম। অর্থাৎ মাত্র আধা মিলিয়ন চিপ পাল্টাতে হয়েছে ইন্টেলকে। বলা যায়, যেখানে কোম্পানী আশংকা করেছিলো শত শত মিলিয়ন ডলার ক্ষতির সেখানে এই আধামিলিয়ন চিপ বদলের ক্ষতি ইন্টেলের জন্য কিছুই নয়। বরং অন্য এক জরীপে দেখা গেছে, গত বছর '৯৪ এর বিভিন্ন কোয়ার্টারে পেন্টিয়াম বিক্রির হার যে মাত্রায় বেড়েছিলো এবছর '৯৫ তেও এই চিপ বিক্রি আরও অধিকতর মাত্রায় বেড়ে যাচ্ছে। যেখানে গত বছরের শেষ কোয়ার্টারে পেন্টিয়াম বিক্রি হয়েছে ২ মিলিয়ন সেখানে ত্রুটি ধরা পড়ার পরেও এ বছর প্রথম কোয়ার্টারেই পেন্টিয়ামের বিক্রি বেড়ে দ্বিগুণ হয়ে দাঁড়িয়েছে ৪ মিলিয়নে।

গত বছরের এসময়ের তুলনায় এ বিক্রি ৩৪% বেশী এবং এ থেকে ইন্টেলের আয় হয়েছে ৩৫৬ কোটি ডলার। দ্বিতীয় তৃতীয় এবং চতুর্থ কোয়ার্টারে এ বিক্রি ৬.৫, ৮ এবং ৯.৫ মিলিয়নে যথাক্রমে বেড়ে যাবে বলে বাজার বিশেষজ্ঞদের ধারনা। গত ৫ বছরে নতুন কারখানা স্থাপনে ইন্টেল ৭০০ কোটি ডলারেরও বেশি ব্যয় করেছে। এ বছর এখাতে কোম্পানীটি ব্যয় করবে ৩২০ কোটি ডলার। কোম্পানী সূত্রে প্রকাশ, পেন্টিয়ামের সব ধরনের মডেলেরই এত চাহিদা বেড়েছে যে তারা ঠিকমত সরবরাহ করতে পারছে না।

ইন্টেলের প্রধান নির্বাহী এন্ড্রু গ্রোভের মতে এ বছর পিসির বাজার দাঁড়াবে ৬কোটি ইউনিট, গত বছর এ চাহিদা ছিল ৫ কোটি ইউনিট। ✪

## সি++ এর ২য় প্রোগ্রামিং কোর্স

বিশিষ্ট সি প্রোগ্রামার সোহেল ও অংক সি++ এর ২য় প্রোগ্রামিং কোর্স ঈদুল আজহার পরপর শুরু করতে যাচ্ছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে বিস্তারিত জানতে আগ্রহীরা ৩১৩৬৩৫, ৮১০৭৮৫ এবং ৩১০৯৯৪ এ যোগাযোগ করতে পারেন। ✪

## 'ইন্টারনেট ফোন'– টেলিফোন বিল ৯৫% কমিয়ে দেবে

স্থানীয় কলের প্রায় সমতুল্য চার্জে আপনি এখন পৃথিবীর যে কোন দেশে কথা বলতে পারেন। আপনার থাকতে হবে মাল্টিমিডিয়া প্যাকেজসহ 486 বা পেন্টিয়াম পিসি, উইন্ডোজ অপারেটিং সিস্টেম, স্পীকার, সাউন্ড কার্ড, মডেম এবং ইন্টারনেট সংযোগ আর নতুন উদ্ভাবিত একটি সফটওয়্যার "ইন্টারনেট ফোন" – যার মূল্য ৫৯ ডলার।

অবশ্য যাদের সাথে কথা বলবেন তাদের কাছেও এগুলো থাকা চাই। আর বর্তমানে যে সাউন্ড কার্ড পাওয়া যায় তাতে একই সময়ে কেবলমাত্র একদিকেই কথা বলা যায় – অনেকটা আগের দিনের ওয়্যারলেসের মত। তবে পরবর্তী প্রজন্মের চিপ বাজারে এলে দুমুখী কথোপকথন সম্ভব হবে। বর্তমানে হাজার হাজার ইন্টারনেট ব্যবহারকারী 'ইন্টারনেট ফোন' সফটওয়্যার ব্যবহার করে তাদের বন্ধুবান্ধব আত্মীয় স্বজনদের সাথে নামমাত্র খরচে কথাবার্তা চালিয়ে যাচ্ছেন। মটরোলা কোম্পানী তাদের নতুন যে ২৮,৮০০ বিপিএস মডেম বাজারে ছাড়ছেন তাতে 'ইন্টারনেট ফোন' বিনামূল্যে দেয়া হবে। ○

## সিটিজেন-এর ছোট্ট রঙিন প্রিন্টার

সিটিজেন আমেরিকা কর্পো. Citizen PN60 নামের ৩৯৯ ডলার মূল্যের একটি রঙিন প্রিন্টার বাজারে ছেড়েছে। এর ওজন এবং আয়তন একটি ভাঁজ করা ছাতার চেয়ে বেশি নয়। শুধু প্রিন্টারটির ওজন ১ পাউন্ড। নিকেল ক্যাডমিয়াম ব্যাটারী এবং এসি এডাপটার-এর সাথে যথাক্রমে ৮ আউন্স এবং ১০ আউন্স ওজন যোগ করে। থার্মাল ট্রান্সফার প্রযুক্তির ৩৬০ ডিপিআই-এর এই প্রিন্টারটি কাগজে মুদ্রণ এবং ওভারহেড ট্রান্সপারেন্সীতে ব্যবহার করা যায়।

এটিতে এক রঙের রিবণ বা চার রঙের রঙিন কার্টিজ ব্যবহার করে সুন্দর সুন্দর প্রিন্ট পাওয়া সম্ভব।

এটিকে পিসি অথবা ম্যাকিনটোশের সাথে প্যারালাল পোর্টের সাহায্যে ব্যবহার করা যায়। ○

## P-7 চিপ ইন্টেল ও এইচপি যৌথভাবে তৈরি করবে

১৯৯৭ সালের মধ্যে ইন্টেল এবং এইচপি যৌথভাবে P-7 চিপ উৎপাদনের প্রচেষ্টায় একযোগে কাজ করে যাচ্ছে। বর্তমানে এটির ডিজাইন তৈরি করা হচ্ছে। ইন্টেলের মুখপাত্র টম ওয়ালড্রপ জানিয়েছেন এই চিপ হবে নতুন প্রজন্মের মাইক্রোপ্রসেসর প্রযুক্তির। ○

## ভারতে মাল্টিমিডিয়া ই-মেইল

বোম্বের ডাটালাইন এন্ড রিসার্চ টেকনোলজীস ইন্ডিয়া (ডিএআরটি) সারা ভারতের ৪০টি শহরে মাল্টিমিডিয়া ই-মেইল সার্ভিস চালু করেছে। দালাল স্ট্রীট জার্নাল গ্রুপের সদস্য ডিএআরটি ইন্ডিয়া অনলাইন নামে ভারতে প্রথম অনলাইন ইন্টারএকটিভ ইনফরমেশন সার্ভিস প্রবর্তন করে। সারাদেশ জুড়ে কোম্পানীটি নিজস্ব (ডেডিকেটেড) টেলি-কমিউনিকেশন নেটওয়ার্ক রয়েছে। ○

## আন্তর্জাতিক ফোরামে কমপিউটার সমিতি

বাংলাদেশ কমপিউটার সমিতি সম্প্রতি দুটি আন্তর্জাতিক ফোরামে সদস্যপদ লাভ করেছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। 'এশিয়া ওসেনিয়ান কমপিউটার ইন্ডাষ্ট্রিয়াল অর্গানাইজেশন' এবং ITAA' এই দুটি আন্তর্জাতিক সংগঠনের সদস্যপদ লাভ করেছে। ○

## CSL-এর মতিঝিলে শো'রুম

কমপিউটার সলিউশন লিঃ-এর এমডি জনাব মঈন খান জানিয়েছেন যে, ঈদের পরপর তাঁর প্রতিষ্ঠান মতিঝিলে শো'রুমের মাধ্যমে বিক্রয় ও সেবা বৃদ্ধির উদ্যোগ নেবে। তিনি বলেন যে, মতিঝিলের ক্রেতাদের আহবানে দ্রুত সাড়া দিতে সিএসএল এই ব্যবস্থায় গ্রাহক সেবার মান অধিকতর উন্নত করবে। ○

## নতুন ধরনের পিকচার টিউব

রাজা সিং তুলি নামে কানাডায় বসবাসরত একজন ভারতীয় বিজ্ঞানী একটি বিশেষ ধরনের ছোট চিপ উদ্ভাবন করেছেন যা বর্তমানে প্রচলিত টিভি মনিটরের বৃহদাকার পিকচার টিউবকে প্রতিস্থাপন করবে। তুলি এর আগে ইঞ্জিনিয়ারিং ডকুমেন্ট এবং গ্রাফিক্স আদান-প্রদানের জন্য বড় আকারের ফ্যাক্স মেশিন উদ্ভাবন করেছিলেন।

স্বল্প মূল্যে গগল্‌সের সাথে ব্যবহারযোগ্য ছোট্ট একটি ডিভাইস ব্যবহার করে এই ক্ষুদ্রাকৃতির চিপ দিয়ে সৃষ্ট উচু মানের কমপিউটার বা টিভি ডিসপ্লেকে অনেক বড় আকারে দেখা যাবে।

বর্তমানে প্রচলিত সিস্টেমের এক ভগ্নাংশ খরচে এটি ল্যাপটপ নোটবুক পিসি এবং ভিডিও টেলিফোনে ব্যবহার করা যাবে। এটি চালাতে ছোট্ট ব্যাটারী বা সোলার সেলই যথেষ্ট। ○

## কমপিউটার জগৎ ডাটা ব্যাংক

মাসিক কমপিউটার জগৎ-এর উদ্যোগে দেশ ও বিদেশের আগ্রহীদের চাহিদা পূরণের লক্ষ্যে 'কমপিউটার জগৎ ডাটা ব্যাংক' নামে একটি বৃহৎ ডাটাবেজ গড়ে তোলা হচ্ছে। এতে বাংলাদেশের সকল কমপিউটার পেশাজীবী, হার্ডওয়্যার ও সফটওয়্যারে প্রশিক্ষণপ্রাপ্ত বা অভিজ্ঞ ব্যক্তি, হার্ডওয়্যার ও সফটওয়্যার বিক্রেতা প্রতিষ্ঠান, কমপিউটার বিষয়ক লেখক, বই ও প্রকাশক, কমপিউটার ট্রেনিং সেন্টার কমপিউটার বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রীদের তথ্য সন্নিবেশিত করা হবে। হার্ডওয়্যার ও সফটওয়্যার প্রস্তুতকারী/বিক্রেতা প্রতিষ্ঠানসমূহের তথ্য এন্ট্রি করা হচ্ছে।

'কমপিউটার জগৎ ডাটাব্যাংক'-এর তথ্য বিশ্বের অপরাপর বৃহৎ ডাটাবেজগুলোর সাথে পারস্পরিক সহযোগিতা ও বিনিময় চুক্তির আওতায় সমগ্র বিশ্বজুড়ে ব্যবহৃত হবে।

এই ডাটাব্যাংককে সমৃদ্ধ করতে আপনার যে কোন ধরনের সহায়তাই ইন্টারএকটিভ অনলাইনে আপনাকে পৌঁছে দেবে বিশ্বের কোটি কোটি ভবিষ্যৎ ব্যবহারকারীর কাছে।

'কমপিউটার জগৎ ডাটা ব্যাংক' তৈরিতে আজই আপনার সহযোগিতার হাত বাড়িয়ে দিন। (বিস্তারিত ৩৬ নং পৃষ্ঠায় দেখুন)।

প্রকল্প পরিচালক, কমপিউটার জগৎ ডাটাব্যাংক প্রকল্প।


your ultimate solutions

massive PROFESSIONAL PC COMPUTERS

massive COMPUTERS

85/1 New Elephant Road, Zinnat Mansion, 1st floor, Dhaka 1205

UNDERCUT PRICE IS AVAILABLE FOR
386DX-40,(AMD 80386DX-40 Processor)
486 SX-33, 486 DX-33, 486 DX2-66,
486DX4-100MHz
SYSTEM & ACCESSORIES

TOLLFREE ENQUIRY Phone 862856